# বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

৯-ডি, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

## বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর স্বল্প মেয়াদী কৃষি ঋণ নীতিমালা।

### ঋণ প্রাপ্য প্রতিষ্ঠানসমূহ

১ নং শর্ত ঃ যেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমুখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর অনুমোদিত উপবিধিতে স্বল্প মেয়াদী(ফসলী) ঋণ কার্যক্রম পরিচালনার বিধানসহ সংস্থাপন ব্যয় যথা- অফিস ভাড়া, প্রয়োজনীয় সংখ্যক কর্মচারীর বেতন-ভাতা এবং বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ হইতে নির্বাহী কর্মকর্তা /ম্যানেজার নিয়োগ করা হইলে তাহার ভ্রমণ ভাতা ও অন্যান্য রাজস্ব ব্যয় নির্বাহ করার মত নিজস্ব আর্থিক সংগতি আছে তাহাদের সহিত সমঝোতা দলিল সম্পাদনপূর্বক স্বল্প মেয়াদী(ফসলী) ঋণ প্রদান করা হইবে।

### ঋণের উদ্দেশ্য

২নং শর্ত ঃ কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে স্বল্প মেয়াদী রোপা আমন, গম, রবিশস্য,ভুট্টা, শীতকালীন শাক-সবজি, ইরি, বোরো, আউশ, বোনা আমন, ও গ্রীস্মকালীণ শাক সবজি আবাদে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে ১নং শর্তে উল্লেখিত সমবায় ব্যাংক/সমিতি সমূহের মাধ্যমে সমবায়ী কৃষকগণকে ঋণ সরবরাহ করা।

### ঋণ গ্রহণ,বিতরণ ও পরিশোধের সময়সীমা

৩ নং শর্ত ঃ

| ঋণের প্রকার | বিএসবিএল থেকে ঋণ গ্রহণের সময়-সীমা | কৃষক পর্যায়ে ঋণ বিতরণের সময়-সীমা | ঋণ পরিশোধের সময়-সীমা |
|---|---|---|---|
| স্বল্প মেয়াদী (ফসলী) ঋণঃ | | | |
| ক) রোপা আমন ঋণ | ১ আগষ্ট হইতে ১৫ অক্টোবর পর্যন্ত | ৩১ অক্টোবরের মধ্যে | ৩১ জুলাই পর্যন্ত |
| খ) গম/ রবিশস্য/ ভূট্টা/ শীতকালীন শাক-সবজি | ১ সেপ্টেম্বর হইতে ১৫ নভেম্বর পর্যন্ত | ৩০ নভেম্বরের মধ্যে | ৩১ আগষ্ট পর্যন্ত |
| গ) ইরি/ বোরো ঋণ | ১ নভেম্বর হইতে ১৫ জানুয়ারী পর্যন্ত | ৩১ জানুয়ারী মধ্যে | ৩১ অক্টোবর পর্যন্ত |
| ঘ) আউশ, বোনা আমন, পাট ও গ্রীস্মকালীন শাক-সবজি | ১ ফেব্রুয়ারী হইতে ১৫ এপ্রিল পর্যন্ত | ৩০ এপ্রিলের মধ্যে | ৩১ জানুয়ারী পর্যন্ত |

### মুনাফার হার

৪ নং শর্ত ঃ এই ঋণের উপর নিম্নলিখিত হারে মুনাফা পরিশোধ করিতে হইবে ঃ

| | মুনাফার হার |
|---|---|
| ব্যাক্তি সদস্য হইতে প্রাথমিক সমিতি | ১৫% |
| ব্যাক্তি সদস্য হইতে সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ | ১৪% |
| প্রাথমিক সমিতি হইতে কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি | ১৪% |
| সিসিবি/ইউসিসিএ/ ইউসিএমপিএস/এলডিবি হইতে বিএসবিএল | ১০% |

(বাংলাদেশ সরকার/বাংলাদেশ ব্যাংক/বিএসবিএল'র সিদ্ধান্তের প্রেক্ষিতে মুনাফা হার পরিবর্তনযোগ্য)

## রিবেট প্রদান

৫ নং শর্ত ঃ স্বল্প মেয়াদী (ফসলী) ঋণ মুনাফাসহ ৩নং শর্তে উল্লেখিত সময়ের মধ্যে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ -কে সম্পূর্ণ পরিশোধ করিতে হইবে। নির্দিষ্ট সময় সীমার মধ্যে সম্পূর্ণ ঋণের টাকা পরিশোধ করা হইলে ৪নং শর্তে আরোপিত প্রত্যেক স্তরের (ব্যক্তি সদস্য হইতে সমবায় ব্যাংক/সমিতি) মুনাফা হইতে ১.০০% হারে রিবেট (rebate) প্রদান করা হইবে।

## সমবায় ব্যাংক/সমিতির ঋণ প্রাপ্তির যোগ্যতা

৬(ক) নং শর্ত ঃ যেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি এর নিকট বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর পাওনা বাংলাদেশ ব্যাংক ঋণের ৫০০০/- (পাঁচ হাজার) টাকা পর্যন্ত প্রাপ্য আসল টাকার সাথে প্রদেয় ভর্তুকির টাকা সমন্বয়ের পরও আসল টাকা পাওনা থাকিবে এবং উক্ত প্রাপ্য আসল টাকা পরিশোধ করিলে ঋণ প্রাপ্তির যোগ্য হইবে। তবে বিশেষ বিবেচনায় ভর্তুকির টাকা সমন্বয়ের পর অবশিষ্ট আসল টাকার ৭৫% পরিশোধের ভিত্তিতে ব্যাংকের ব্যবস্থাপনা কমিটি এই ঋণ মঞ্জুর করিতে পারিবে।

(খ)ঃ যেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি উপরের ৬(ক) নং শর্তসহ ইতঃপূর্বে অত্র ব্যাংকের নিজস্ব তহবিল হইতে গৃহীত স্বল্প/ মধ্যম/ দীর্ঘ মেয়াদী ঋণ গ্রহণ করিয়াছে সেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি খেলাপী ঋণের আসল, মুনাফা ও দন্ডমুনাফা ১০০% পরিশোধ করিবে তাহাদের অনুকূলে এই ঋণ মঞ্জুর করা হইবে।

(গ)ঃ যেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি খেলাপী ঋণ পরিশোধ করিয়া যোগ্যতা অর্জনে সক্ষম হইবে না তাহাদের ঋণ পরিশোধের অবস্থা পর্যালোচনা করিয়া মাঠ পর্যায়ে ঋণের প্রবাহ সৃষ্টির লক্ষ্যে বিশেষ বিবেচনায় ব্যাংকের ব্যবস্থাপনা কমিটি এই ঋণ মঞ্জুর করিতে পারিবে ;

## ঋণের জামানত(ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ)

৭ নং শর্ত ঃ (ক) ঋণের জামানত হিসাবে প্রত্যেক ঋণ গ্রহীতা ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ যথারীতি তাহাদের স্ব-স্ব ভূমি ও ইমারত (যদি থাকে) বাংলাদেশ সমবায় ব্যাংকের অনুকূলে বন্ধক রাখিবে (যদি পূর্বে বন্ধক দেওয়া না থাকে)। অধিকন্তু, ঋণ গ্রহীতা চাষী সদস্যগণের বন্ধকী সম্পত্তি ৩০০/- (তিনশত) টাকা মূল্যের "নন-জুডিসিয়াল ষ্ট্যাম্প" পেপারে বাংলাদেশ সমবায় ব্যাংকের অনুকূলে পুনঃবন্ধক রাখিতে হইবে। ঋণ বিতরণ সম্পন্ন হওয়ার পরবর্তী ১৫ দিনের মধ্যে এই পুনঃবন্ধক কার্যক্রম সম্পন্ন করিতে হইবে।

(খ) ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ কর্তৃক কোন সদস্যের অনুকূলে এই ঋণ বিতরণ করার প্রাক্কালে ঋণের জামানত হিসাবে তাহার ভূ-সম্পত্তি (চাষযোগ্য নাল জমি) রেজিষ্ট্রার্ড মর্টগেজ আকারে বন্ধক গ্রহণ করিতে হইবে। জমির পরিমাণ স্থানীয় বাজার মূল্যের ভিত্তিতে নির্ধারিত হইতে হইবে। এইক্ষেত্রে ঋণের পরিমাণ বন্ধকযোগ্য জমির বাজার মূল্যের ৫০% এর অধিক হইবে না। স্থানীয় সাব রেজিষ্ট্রী অফিসের তালিকা মূল্য দৃষ্টে বাজার মূল্য নির্ধারিত হইবে। বন্ধকের ব্যাপারে (১) প্রস্তাবিত জমির মালিকানা দলিল ও খতিয়ানসমূহ (২) সর্বশেষ খাজনার রশিদ এবং (৪) যৌথ মালিকানার ক্ষেত্রে অন্যান্য মালিকদের পক্ষ হইতে অনাপত্তি পত্র (যাহা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/মেম্বার/কাউন্সিলর কর্তৃক সত্যায়িত হইতে হইবে। এই রেজিষ্ট্রার্ড মর্টগেজ ১০ (দশ) বৎসর বলবৎ থাকিবে এবং পরবর্তীতে (১০ বৎসরের মধ্যে) স্বল্প মেয়াদী ঋণ প্রদানের ক্ষেত্রে নতুন রেজিষ্ট্রার্ড মর্টেগেজ গ্রহণের প্রয়োজন হইবে না

(গ) অতিরিক্ত জামানত হিসাবে খাতক সদস্যের নিকট আত্মীয় কিংবা এলাকার প্রভাবশালী ব্যক্তির নিকট হইতে ষ্ট্যাম্প পেপারে ব্যক্তি জামানত গ্রহণ করিতে হইবে এবং খাতক সদস্যের হলফনামা গ্রহণ করিতে হইবে।

## জামানত(সিবি/সমিতি/ইউসিএমপিএস)

৮নং শর্ত (ক)ঃ এই ঋণের জামানত হিসাবে প্রত্যেক ঋণ গ্রহীতা কেন্দ্রীয় সমবায় ব্যাংক/ইউসিসিএ/ইউসিএমপিএস যথারীতি তাহাদের স্ব-স্ব ভূমি ও ইমারত (যদি থাকে) বাংলাদেশ সমবায় ব্যাংকের অনুকূলে বন্ধক রাখিবে (যদি পূর্বে বন্ধক দেওয়া না থাকে)। অধিকন্তু, ঋণ গ্রহীতা চাষী সদস্যগণের বন্ধকী সম্পত্তি ৩০০/- (তিনশত) টাকা মূল্যের "নন-জুডিসিয়াল ষ্ট্যাম্প" পেপারে বাংলাদেশ সমবায় ব্যাংকের অনুকূলে পুনঃবন্ধক রাখিতে হইবে। ঋণ বিতরণ সম্পন্ন হওয়ার পরবর্তী ১৫ দিনের মধ্যে এই পুনঃবন্ধক কার্যক্রম সম্পন্ন করিতে হইবে।

(খ) এই ঋণের জামানত হিসাবে ঋণ গ্রহীতা কৃষক সদস্যের ঋণের দ্বিগুণের সমপরিমাণ মূল্যের কৃষি জমি "মর্টগেজ কারবারনামা" আকারে কেন্দ্রীয় সমবায় ব্যাংক/ইউসিসিএ/ ইউসিএমপিএস এর অনুকূলে বন্ধক রাখিতে হইবে। উক্ত "মর্টগেজ কারবারনামা" সমবায় অধিদপ্তরের ক্ষমতাপ্রাপ্ত অফিসার কর্তৃক নিবন্ধনকৃত হইতে হইবে। নতুনভাবে সম্পাদিত/নিবন্ধিত মর্টগেজ কারবারনামার ভিত্তিতে এই ঋণ দাদন করিতে হইবে। বন্ধকী সম্পত্তির মালিকানার সপক্ষে যথাযথ দলিলপত্রাদি যেমন মূল ক্রয়-দলিল, বায়া-দলিল, পর্চা, সর্বশেষ খাজনা পরিশোধের রশিদ, পৈত্রিক সম্পত্তির ক্ষেত্রে অন্যান্য মালিকগণের পক্ষে হইতে অনাপত্তিপত্র (যাহা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/মেম্বার/কাউন্সিলর কর্তৃক সত্যায়িত হইবে) ইত্যাদি 'মর্টগেজ কারবারনামার' সহিত কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতিতে সংরক্ষণ করিতে হইবে। ঋণের পরিমাণ (পূর্বের ঋণ যদি থাকে তাহাসহ) উক্ত বন্ধকী সম্পত্তির বাজার মূল্যের ৫০% এর বেশী হইতে পারিবে না। ঋণ গ্রহীতা সদস্যকে নির্ধারিত ফরমে "তমসুক" সম্পাদন করিতে হইবে এবং এই ঋণের জন্য কমপক্ষে দুইজন নির্ভরযোগ্য ব্যক্তি জামিনদার থাকিতে হইবে।

(গ) যেইহেতু সমিতি/ গ্রুপ ভিত্তিতে এই ঋণ প্রদান করা হইবে সেইহেতু উক্ত প্রাথমিক সমিতির সভাপতি/সম্পাদককে ঋণের টাকা আদায় ও পরিশোধের ব্যাপারে 'অঙ্গীকারনামা' প্রদান করিতে হইবে।

## অযোগ্যতা

৯ নং শর্ত ঃ নিম্নোক্ত অবস্থায় কোন কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি'র অনুকূলে ঋণ প্রদান করা যাইবেনা।

(ক) ইতোপূর্বে কোন ঋণ শর্ত ভঙ্গ করিয়া থাকিলে।
(খ) ঋণের আদায়ী টাকা যথাযথভাবে পরিশোধ না করিলে।
(গ) কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি'র কার্যকরী পরিষদের সদস্য/সদস্যগণের নিকট খেলাপী ঋণ থাকিলে।

## ব্যক্তি সদস্যের যোগ্যতা(কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি)

১০ নং শর্তঃ যেই সকল ব্যক্তি সদস্যের নিকট কোন প্রকার বকেয়া কিংবা হাল আদায়যোগ্য ঋণের আসল, মুনাফা ও দন্ডমুনাফা পাওনা নাই কেবলমাত্র তাহারাই এই ঋণ পাওয়ার যোগ্য হইবে। ঋণ গ্রহীতা সদস্যের আবেদনপত্রের সহিত স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি থাকিতে হইবে। অপরদিকে, নিম্নলিখিত অবস্থায় কোন সদস্যকে ঋণ প্রদান করা যাইবে না ঃ-

(ক) যিনি একান্নবর্তী পরিবারের একাধিক/নির্ভরশীল সদস্য।

(খ) যাহার উৎপাদন পরিকল্পনা ও আয়-ব্যয় এর হিসাব দৃষ্টে ঋণ পরিশোধের যথেষ্ট সম্ভাবনা পরিলক্ষিত হয় না।

(গ) যাহার নিকট হইতে অতীতে ঋণ আদায় করিতে আইনানুগ ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণের প্রয়োজন হইয়াছে।

(ঘ) যিনি অন্য কোন প্রতিষ্ঠান হইতে একই উদ্দেশ্যে ঋণ গ্রহণ করিয়াছে।

## ব্যক্তি সদস্যপ্রতি ঋণমাত্রা

১১ নং শর্তঃ এই ঋণ বাবদ একজন ব্যক্তি সদস্যকে ৭নং ও ৮নং শর্তের আওতায় প্রয়োজনীয় জামানত গ্রহণ পূর্বক একর প্রতি সর্বোচ্চ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ঋণ প্রদান করা যাইবে। তবে কোন অবস্থাতেই একজন ব্যক্তি সদস্যকে সর্বোচ্চ ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার অধিক ঋণ প্রদান করা যাইবে না।

## ব্যক্তি সদস্যের অনুকূলে ঋণ বরাদ্দ

১২ নং শর্তঃ ঋণ প্রদানের পূর্বে কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতির/এলডিবি'র নির্বাহী কর্মকর্তা/ সুপারভাইজার/ ম্যানেজার/ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রাথমিক সমিতির সদস্যের ঋণ চাহিদার সঠিকতা, সদস্যের ঋণ পরিশোধের ক্ষমতা ও ঋণের জামানত হিসাবে বন্ধকের জন্য প্রস্তাবিত জমির মালিকানার সঠিকতা সম্পর্কে সরেজমিনে তদন্ত/যাঁচায়ের ভিত্তিতে তাহাদের ব্যবস্থাপনা কমিটি ব্যক্তি সদস্যের অনুকূলে এই ঋণ বরাদ্দ করিবে।

## ব্যক্তি সদস্যদের অনুকূলে ঋণ বিলি-বিতরণ

১৩ নং শর্তঃ এই ঋণ বিলি/বন্টন ব্যবস্থাপনার সকল প্রক্রিয়ায় সমবায় আইন ও বিধি বিধান, কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি'র উপ-বিধি ও বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর নির্দেশাবলী পুংখানুপুঙ্খরূপে প্রতিপালন করিতে হইবে। মাঠ পর্যায়ে প্রকৃত কৃষকগণের নিকট ঋণ বিতরণের বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে নিম্নলিখিত শর্তসমূহ অবশ্যই প্রতিপালন করিতে হইবেঃ

(ক) ঋণ গ্রহীতা কৃষকের নামে স্থানীয় যেই কোন তফসিলী ব্যাংকে একটি হিসাব খুলিতে হইবে। ঋণের টাকা নগদে প্রদানের পরিবর্তে চেক প্রদান নিশ্চিত করিতে হইবে;

(খ) ঋণ বিতরণের ক্ষেত্রে ঋণ গ্রহীতা কৃষকের পাসপোর্ট সাইজের ছবি এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (স্থানীয় ইউপি চেয়ারম্যান/মেম্বার কর্তৃক সত্যায়িত) সংগ্রহণ নিশ্চিত করিতে হইবে;

(গ) ঋণ প্রার্থী প্রকৃত পক্ষে একজন কৃষক-এই মর্মে কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি'র নির্বাহী কর্মকর্তা/মাঠকর্মী/ম্যানেজারের মূল্যায়ণ মন্তব্য/সার্টিফিকেট থাকিতে হইবে ; এবং

(ঘ) ঋণ বিতরণ কার্যক্রমের সঠিকতা যাচাইয়ের জন্য স্থানীয় ইউপি চেয়ারম্যান/সদস্য বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর প্রতিনিধি কিংবা স্থানীয় সমবায়/অন্য কোন সরকারী কর্মকর্তা কর্তৃক তদন্ত করা যাইবে।

## সরেজমিনে তদন্ত

১৪ নং শর্ত ঃ সকল ক্ষেত্রেই ঋণ প্রদানের পূর্বে কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতির/এলডিবি'র নির্বাহী কর্মকর্তা/ সুপারভাইজার/ ম্যানেজার/ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রাথমিক সমিতির সদস্যের ঋণ চাহিদার সঠিকতা, সদস্যের ঋণ পরিশোধের ক্ষমতা ও ঋণের জামানত হিসাবে বন্ধকের জন্য প্রস্তাবিত জমির মালিকানার সঠিকতা সম্পর্কে সরেজমিনে তদন্ত/যাচাই করিতে হইবে।

## জমির পরিমাণ

১৫ নং শর্ত ঃ একজন সদস্যকে তাহার উৎপাদন পরিকল্পনার ভিত্তিতে সর্বোচ্চ ২ (দুই) একর ও সর্বনিম্ন ১ (এক) বিঘা জমিতে ফসল আবাদের জন্য এই ঋণ প্রদান করা যাইবে।

## ঋণ বিতরণ বিবরণী এবং বিতরণ সার্টিফিকেট

১৬ নং শর্ত ঃ নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত কিংবা ঋণ বিতরণ সম্পন্ন এই দুই এর মধ্যে যাহা আগে হইবে তাহা হইতে ৭(সাত) দিনের মধ্যে নির্ধারিত ছকে বিতরণ বিবরণী এবং ১৫(পনের) দিনের মধ্যে যথাযথ ফরমে "বিতরণ সার্টিফিকেট" কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি কর্তৃক বাংলাদেশ সমবায় ব্যাংকে দাখিল করিতে হইবে। ইহার যে কোন একটি দাখিলের ব্যর্থতায় ঋণ বিতরণ হয় নাই বলিয়া পরিগণিত হইবে এবং উক্ত ঋণের টাকা (আংশিক কিংবা সম্পূর্ণ) তলব করা হইলে কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি তাহা সঙ্গে সঙ্গে ১১% হারে মুনাফাসহ বাংলাদেশ সমবায় ব্যাংকে ফেরত দিতে বাধ্য থাকিবে।

## ঋণ মঞ্জুরের সীমাবদ্ধতা

১৭ নং শর্ত ঃ এই ঋণ গ্রহণের প্রশ্নে সমবায় বিধিমালা-২০০৪ এর ৭৪(১) বিধি মোতাবেক কোন সমবায় সমিতির সদস্যদের দায় তাহাদের শেয়ার দ্বারা সীমিত হইলে উক্ত সমিতির কোন সদস্যকে তাহার পরিশোধিত শেয়ার মূলধনের ৪০(চল্লিশ) গুণের অধিক পরিমাণ অর্থ ঋণ হিসাবে প্রদান করা যাইবে না।

## আমানত

১৮ নং শর্ত ঃ সমবায় আন্দোলনের মাধ্যমে সকল পর্যায়ে পুঁজি গঠনের লক্ষ্যে আমানত বৃদ্ধির জন্য কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি সর্বাত্মক প্রচেষ্টা চালাইবে। কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি'র সংগৃহীত আমানতের ৮০% বাংলাদেশ সমবায় ব্যাংকে স্থায়ী আমানত হিসাবে গচ্ছিত রাখিতে হইবে। এই আমানতের উপর প্রচলিত হারে নিয়মিত মুনাফা প্রদান করা হইবে।

## নিজস্ব তহবিল হইতে বিনিয়োগ

১৯ নং শর্ত ঃ কর্জ নির্ভরশীলতা হ্রাস করার লক্ষ্যে যেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি'র নিজস্ব তহবিল রহিয়াছে (পূর্ববর্তী ৩০শে জুন তারিখের উদ্বৃত্তপত্র দৃষ্টে) তাহাদিগকে উক্ত আমানতের ন্যূনপক্ষে ১০% এর সমপরিমাণ টাকা এই ঋণ হিসাবে বিতরণ করিতে হইবে। নিজস্ব তহবিল হইতে বিতরণকৃত ঋণের হিসাব পৃথকভাবে সংরক্ষণ করিতে হইবে।

## ঋণ আদায়

২০ নং শর্ত ঃ কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি'র নির্ধারিত সময়-সীমা অনুযায়ী মুনাফাসহ এই ঋণ আদায় নিশ্চিত করিবে। ব্যক্তি সদস্যের নিকট হইতে এই ঋণ আদায়ের কালে প্রথমে হিসাবকৃত মুনাফা এবং পরে আসল আদায় করিতে হইবে। কোনক্রমেই মুনাফা অনাদায়ী রাখিয়া আসল ওয়াশিল করা যাইবে না। এই প্রসঙ্গে সমবায় অধিদপ্তরের ০৭-০৭-৮৫ ইং তারিখের ২০/৬৫-১৬৭৯ (ঋণ) নং সার্কুলার অনুসরণযোগ্য।

ঋণ পরিশোধ

২১ নং শর্ত (ক) কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি এই ঋণের টাকা আদায় হওয়ার সঙ্গে সঙ্গে আনুপাতিক হারে মুনাফাসহ তাহা এই ঋণ খাতে বাংলাদেশ সমবায় ব্যাংককে পরিশোধ করিবে। আসল টাকার সহিত আনুপাতিক হারে মুনাফা প্রেরিত না হইলে বাংলাদেশ সমবায় ব্যাংক উক্ত টাকা ওয়াশীল করার সময় আনুপাতিক হারে মুনাফা আদায়পূর্বক বাকী টাকা আসল খাতে ওয়াশীল করিতে পারিবে। কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি কর্তৃক আদায়কৃত মুনাফার টাকা হইতে নিজ অংশ রাখিয়া বাকী সাকুল্য টাকা বাংলাদেশ সমবায় ব্যাংকে পরিশোধ নিশ্চিত করিবে। ২৬ নং শর্তের আওতায় কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি কার্যকরী পরিষদ এই বাবদে একটি অঙ্গীকারপত্র দাখিল করিবে।

হিসাব সংরক্ষণ

২২ নং শর্ত ঃ এই ঋণ গ্রহণ, বিতরণ, আদায় এবং পরিশোধের হিসাব পৃথক পৃথক ভাবে সংরক্ষণ করিতে হইবে। এই ঋণের আদায়ী কোন টাকা অন্য কোন ঋণ খাতে কিংবা অন্য কোন ঋণের আদায়ী টাকা এই ঋণ খাতে পরিশোধ করা যাইবে না।

পাশ বহি

২৩ নং শর্ত ঃ প্রত্যেক ঋণ গ্রহীতা সদস্যকে পাশবহি সরবরাহ করিতে হইবে। পাশবহিতে এই ঋণের লেনদেন সহ অন্যান্য লেনদেন যথাযথভাবে লিপিবদ্ধ করিতে হইবে। এই ঋণসহ অন্য সকল প্রকার লেনদেন পাশ বহিতে যথাসময়ে লিপিবদ্ধ করিতে হইবে এবং তাহা কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি'র সুপাভাইজার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হইতে হইবে।

ঋণ বিতরণের সঠিকতা যাচাই

২৪ নং শর্ত ঃ প্রয়োজনবোধে/ক্ষেত্রে বিশেষে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ কর্তৃক কার্যকরী পরিষদের সদস্য/অফিসার প্রেরণ করিয়া সমবায় কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি/সদস্য পর্যায়ে ঋণ বিতরণের সঠিকতা যাচাই করা হইবে। উহাতে কোন অনিয়ম কিংবা শর্ত ভংগের দৃষ্টান্ত পরিলক্ষিত হইলে সংশ্লিষ্ট কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি'র নিকট হইতে উক্ত ঋণ আংশিক কিংবা সম্পূর্ণ তলব করা যাইবে এবং তাহা ১১% মুনাফাসহ ঋণের টাকা কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি ফেরত দিতে বাধ্য থাকিবে।

তথ্য সরবরাহ

২৫ নং শর্ত ঃ বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ সমবায় ব্যাংকে দাখিলযোগ্য সকল সাময়িক(যথা-মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক/বাৎসরিক বিবরণপত্রাদি এবং সময় সময় যে সকল ফিরিস্তি/তথ্যাদি চাওয়া হয় তাহা নির্ধারিত/নির্দেশিত সময়ের মধ্যে দাখিল করিতে হইবে। ইহাতে ব্যর্থ কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি পরবর্তীতে ঋণ প্রাপ্তির অযোগ্য বিবেচিত হইবে।

অংগীকারপত্র

২৬ নং শর্ত ঃ বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ হইতে এই ঋণ গ্রহণের প্রাক্কালে সংশ্লিষ্ট সমবায় কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি'র কর্তৃপক্ষ এই মর্মে একটি অংগীকারপত্র দাখিল করিবেন যে, ''অত্র ঋণের শর্তাবলী মানিয়া নিয়া শর্তানুযায়ী ঋণ বিলি/বিতরণ করা হইবে। শর্ত বহির্ভূত ভাবে এই ঋণের কোন টাকা বিতরণ করা হইবে না। নির্ধারিত সময়-সীমা অনুযায়ী এই ঋণ মুনাফাসহ পরিশোধ নিশ্চিত করা হইবে। এই ঋণের টাকা সম্পূর্ণ পরিশোধ না হওয়া পর্যন্ত বাংলাদেশ সমবায় ব্যাংক যে শর্ত আরোপ করিবে তাহাও মানিয়া নিতে বাধ্য থাকিবে''।

শওকত হোছাইন চৌধুরী
উপ-মহাব্যবস্থাপক(কৃষি ঋণ)
বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

(ধীরেন্দ্র চন্দ্র দাস)
মহাব্যবস্থাপক(প্রধান নির্বাহী কর্মকর্তা)
ও
(যুগ্ম সচিব)

চৌধুরী মোঃ আফজাল হোসেন নিছার
সহ-সভাপতি
বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

অংগীকারপত্র

২৬ নং শর্ত ঃ বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ হইতে এই ঋণ গ্রহণের প্রাক্কালে সংশ্লিষ্ট সমবায় কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি'র কর্তৃপক্ষ এই মর্মে একটি অংগীকারপত্র দাখিল করিবেন যে, ''অত্র ঋণের শর্তাবলী মানিয়া নিয়া শর্তানুযায়ী ঋণ বিলি/বিতরণ করা হইবে। শর্ত বহির্ভূত ভাবে এই ঋণের কোন টাকা বিতরণ করা হইবে না। নির্ধারিত সময়-সীমা অনুযায়ী এই ঋণ মুনাফাসহ পরিশোধ নিশ্চিত করা হইবে। এই ঋণের টাকা সম্পূর্ণ পরিশোধ না হওয়া পর্যন্ত বাংলাদেশ সমবায় ব্যাংক যে শর্ত আরোপ করিবে তাহাও মানিয়া নিতে বাধ্য থাকিবে''।

শওকত হোছাইন চৌধুরী
উপ-মহাব্যবস্থাপক(কৃষি ঋণ)
বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

(ধীরেন্দ্র চন্দ্র দাস)
মহাব্যবস্থাপক(প্রধান নির্বাহী কর্মকর্তা)
ও
(যুগ্ম সচিব)

চৌধুরী মোঃ আফজাল হোসেন নিছার
সহ-সভাপতি
বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

# বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

৯-ডি, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

## বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর মধ্যম মেয়াদী কৃষি ঋণ নীতিমালা (২ বৎসর মেয়াদী)

### যে সকল প্রতিষ্ঠান ঋণ প্রাপ্য হইবে

১নং শর্তঃ ক) যে সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর অনুমোদিত উপবিধিতে মধ্যম মেয়াদী ঋণ কার্যক্রম পরিচালনার বিধানসহ সংস্থাপন ব্যয় যথা- অফিস ভাড়া, প্রয়োজনীয় সংখ্যক কর্মচারীর বেতন-ভাতা এবং বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ হইতে নির্বাহী কর্মকর্তা/ম্যানেজার নিয়োগ করা হইলে তাহার ভ্রমণ ভাতা ও অন্যান্য রাজস্ব ব্যয় বহন করার মত নিজস্ব আর্থিক সংগতি আছে তাহাদের সহিত সমঝোতা দলিল সম্পাদন পূর্বক মধ্যম মেয়াদী ঋণ প্রদান করা হইবে।

খ)ঋণ আবেদনকারী কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ-এর ঋণের জন্য গৃহীত ঋণের আবেদন জেলা সমবায় অফিসরের সুপারিশসহ বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ-এ দাখিল করিতে হইবে।

গ) ঋণ আবেদনকারী প্রাথমিক সমবায় সমিতি'র ঋণের জন্য গৃহীত ঋণের আবেদন উপজেলা সমবায় অফিসরের সুপারিশসহ কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতিতে দাখিল করিতে হইবে।

### ঋণের উদ্দেশ্য

২নং শর্ত ঃ দেশে কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সেচ/কৃষি যন্ত্রপাতি ক্রয়, গরু মোটা তাজা করণ, গাভী পালন/দুগ্ধ খামার, হাঁস/মুরগি পালন,ছাগল/ভেড়া পালন, মৎস্য চাষ (খামার পদ্ধতিতে), পুকুরে মৎস্য চাষ ও নার্সারী উন্নয়ন এর উদ্দেশ্যে কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ কে মধ্যম মেয়াদের ভিত্তিতে এই ঋণ প্রদান করা হইবে।

### ঋণ গ্রহণের সময়সীমা

৩ নং শর্ত ঃ কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ প্রতি বৎসর ১লা জুলাই হইতে ৩০শে জুন, পর্যন্ত বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ হইতে এই ঋণ গ্রহণ করিতে পারিবে। ঋণ গ্রহণের ১(এক) মাস পূর্বে ঋণের আবেদন দাখিল করিতে হইবে।

### ঋণ বিতরণের সময়-সীমা

৪ নং শর্ত ঃ বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ হইতে ঋণ গ্রহণের তারিখ হইতে ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে এই ঋণ প্রাথমিক সমবায় সমিতি/এলডিবি'র মাধ্যমে ব্যক্তি সদস্যদের মধ্যে বিতরণ সম্পন্ন করিতে হইবে। নির্ধারিত সময়-সীমা অতিক্রান্ত হওয়ার সঙ্গে সঙ্গে অবিলিকৃত ঋণের টাকা বাংলাদেশ সমবায় ব্যাংকে ফেরত দিতে হইবে। অন্যথায়, অবিলিকৃত ধরিয়া রাখা টাকার জন্য ১১% মুনাফা প্রদান করিতে সংশ্লিষ্ট কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ বাধ্য থাকিবে।

মুনাফার হার

৫ নং শর্ত ঃ এই ঋণের উপর নিম্নলিখিত হারে মুনাফা পরিশোধ করিতে হইবে ঃ

| | মুনাফার হার |
|---|---|
| ব্যক্তি সদস্য হইতে প্রাথমিক সমিতি | ১৫% |
| ব্যক্তি সদস্য হইতে সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ | ১৪% |
| প্রাথমিক সমিতি হইতে কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি | ১৪% |
| সিসিবি/ইউসিসিএ/ ইউসিএমপিএস/এলডিবি হইতে বিএসবিএল | ১০% |

(যে কোন সময়ে বাংলাদেশ সরকার/বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্তের প্রেক্ষিতে উপরোল্লিখিত মুনাফার হার পরিবর্তনযোগ্য)

কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি/প্রাথমিক সমিতির ঋণ প্রাপ্তির যোগ্যতা

৬নং শর্ত ঃ (ক) যেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর নিকট বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ (বিএসবিএল) বাংলাদেশ ব্যাংক ঋণের (৫০০০/- টাকা পর্যন্ত) প্রাপ্য আসল টাকার সাথে প্রদেয় ভর্তুকির টাকা সমন্বয়ের পরও আসল টাকা পাওনা থাকিবে এবং উক্ত প্রাপ্য আসল টাকা পরিশোধ করিলে সেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/ইউসিসিএ লিঃ/ সমিতি/এলডিবি এই ঋণ প্রাপ্তির যোগ্য হইবে। তবে বিশেষ বিবেচনায় ভর্তুকির টাকা সমন্বয়ের পর অবশিষ্ট আসল টাকার ৭৫% পরিশোধের ভিত্তিতে ব্যাংকের ব্যবস্থাপনা কমিটি এই ঋণ মঞ্জুর করিতে পারিবে।

(খ) যেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি ইতঃপূর্বে অত্র ব্যাংকের নিজস্ব তহবিল হইতে গৃহীত স্বল্প/ মধ্যম/ দীর্ঘ মেয়াদী ঋণ গ্রহণ করিয়াছে সেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি খেলাপী ঋণের আসল ৮০% এবং মুনাফা ও দন্ডমুনাফা ১০০% পরিশোধ করিবে কেবলমাত্র সেই সকল ব্যাংক/সমিতি/এলডিবি ঋণ প্রাপ্তির যোগ্য হইবে। তবে খেলাপী ঋণ পরিশোধের ক্ষেত্রে অঙ্গীকারনামা গ্রহণের শর্তে বিশেষ বিবেচনায় ব্যাংকের ব্যবস্থাপনা কমিটি এই ঋণ মঞ্জুর করিতে পারিবে।

ঋণ মঞ্জুর

৭ নং শর্ত ঃ (ক) ৬ নং শর্ত অনুযায়ী যে সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি ঋণ প্রাপ্তির যোগ্যতা অর্জন করিবে তাহাদের অনুকূলে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর ব্যবস্থাপনা কমিটি এই ঋণ মঞ্জুর করিবে।

(খ) সমবায় সমিতি বিধিমালা-২০০৪ এর ৭৪(১) বিধি মোতাবেক কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি কে তাহাদের পরিশোধিত শেয়ার মূলধনের ৪০(চল্লিশ) গুণের অধিক পরিমাণ অর্থ ঋণ হিসাবে মঞ্জুর করা যাইবে না।

(গ) যেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি খেলাপী ঋণ পরিশোধ করিয়া যোগ্যতা অর্জনে সক্ষম হইবে না তাহাদের ঋণ পরিশোধের অবস্থা পর্যালোচনা করিয়া মাঠ পর্যায়ে ঋণের প্রবাহ সৃষ্টির লক্ষ্যে বিশেষ বিবেচনায় ব্যাংকের ব্যবস্থাপনা কমিটি এই ঋণ মঞ্জুর করিতে পারিবে।

ঋণের জামানত

৮ নং শর্ত ঃ (ক) ঋণ গ্রহীতা সদস্যগণের বন্ধকী সম্পত্তি ৩০০/- (তিনশত) টাকা মূল্যের "নন-জুডিসিয়াল ষ্ট্যাম্প" পেপারে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ অনুকূলে পুনঃবন্ধক রাখিতে হইবে। ঋণ বিতরণ সম্পন্ন হওয়ার পরবর্তী ৬০ দিনের মধ্যে এই পুনঃবন্ধক কার্যক্রম সম্পন্ন করিতে হইবে।

(খ) কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ কর্তৃক প্রাথমিক সমবায় সমিতির সদস্যের অনুকূলে ঋণ বিতরণ করিবার প্রাক্কালে ঋণের জামানত হিসাবে ঋণ গ্রহিতার ভূ-সম্পত্তি রেজিষ্ট্রার্ড মর্টগেজ আকারে বন্ধক গ্রহণ করিতে হইবে। ঋণের পরিমাণ বন্ধকী জমির মূল্যের

শতকরা ৭৫(পঁচাত্তর) ভাগের অধিক হইবে না। সংশ্লিষ্ট সাব রেজিষ্ট্রি অফিসে উল্লিখিত মৌজার মূল্য দৃষ্টে বাজারমূল্য নির্ধারিত হইবে। বন্ধকের ব্যাপারে (১) প্রস্তাবিত জমির মালিকানা দলিল ও খতিয়ানসমূহ, (২) সর্বশেষ খাজনার রশিদ এবং (৩) যৌথ মালিকানার ক্ষেত্রে অন্যান্য মালিকদের পক্ষ হইতে অনাপত্তি পত্র (যাহা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/মেম্বার/কাউন্সিলর) গ্রহণ করিতে হইবে । (৪) বন্ধককৃত জমির নির্দায় সনদ(Non-encumbrance) গ্রহন করতে হবে।

(গ) অতিরিক্ত জামানত হিসাবে খাতক সদস্যের নিকট আত্মীয় কিংবা এলাকার প্রভাবশালী ব্যক্তির নিকট হইতে কোর্টে দাখিলযোগ্য কার্টিজ পেপারে ব্যক্তি জামানত গ্রহণ করিতে হইবে এবং ঋণ গ্রহীতা সদস্যের নিকট হইতে কোর্টে দাখিলযোগ্য কার্টিজ পেপারে হলফনামা গ্রহণ করিতে হইবে।

## সদস্যের ঋণ প্রাপ্তির যোগ্যতা

**৯ নং শর্ত** ঃযেই সকল ব্যক্তি সদস্যের নিকট কোন প্রকার বকেয়া কিংবা হাল আদায়যোগ্য ঋণের আসল, মুনাফা ও দন্ডমুনাফা পাওনা নাই কেবলমাত্র তাহারাই এই ঋণ পাওয়ার যোগ্য হইবে। ঋণ গ্রহীতা সদস্যের আবেদনপত্রের সহিত স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি থাকিতে হইবে। অপরদিকে, নিম্নলিখিত অবস্থায় কোন সদস্যকে ঋণ প্রদান করা যাইবে না ঃ-

(ক) যাহার উৎপাদন পরিকল্পনা ও আয়-ব্যয় এর হিসাব দৃষ্টে ঋণ পরিশোধের যথেষ্ট সম্ভাবনা পরিলক্ষিত হয় না।

(খ) যাহার নিকট হইতে অতীতে ঋণ আদায় করিতে আইনানুগ ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণের প্রয়োজন হইয়াছে।

(গ) যিনি অন্য কোন প্রতিষ্ঠান হইতে একই উদ্দেশ্যে ঋণ গ্রহণ করিয়াছে।

(ঘ) যেই সকল প্রাথমিক সবমায় সমিতির সমবায় আইন ও বিধি মোতাবেক নিয়মিত বার্ষিক সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠিত হয় এবং বার্ষিক অডিট সম্পন্ন করা হয় সেই সকল প্রাথমিক সমিতি ঋণ প্রাপ্তির যোগ্য হইবে।

## ঋণ প্রপ্তির অযোগ্যতা

**১০নং শর্ত** ঃ নিম্নোক্ত অবস্থায় কোন কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ অনুকূলে এই ঋণ প্রদান করা যাইবে না ঃ

(ক) ইতোপূর্বে কোন ঋণশর্ত ভঙ্গ করিয়া থাকিলে;

(খ) ঋণের আদায়ী টাকা যথাযথভাবে পরিশোধ না করিলে;

(গ) কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ কার্যকরী পরিষদের সদস্য/সদস্যগণের নিকট খেলাপী ঋণ থাকিলে।

## কৃষক/ব্যক্তি সদস্যদের অনুকূলে ঋণের বিলি-বন্টন

**১১ নং শর্ত** ঃ এই ঋণ বিলি/বন্টন ব্যবস্থাপনার সকল প্রক্রিয়ায় সমবায় আইন ও বিধি বিধান, কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি'র উপ-বিধি ও বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর নির্দেশাবলী পুংখানুপুঙ্খরূপে প্রতিপালন করিতে হইবে। মাঠ পর্যায়ে প্রকৃত কৃষকগণের নিকট ঋণ বিতরণের বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে নিম্নলিখিত শর্তসমূহ অবশ্যই প্রতিপালন করিতে হইবে ঃ

(ক) ঋণ গ্রহীতা কৃষকের নামে স্থানীয় যেই কোন তফসিলী ব্যাংকে একটি হিসাব খুলিতে হইবে। ঋণের টাকা নগদে প্রদানের পরিবর্তে চেকের মাধ্যমে প্রদান করিতে হইবে।যাহাদের ইতোপূর্বে হিসাব খোলা হয়েছে তাহাদের নতুন করে হিসাব খোলার প্রযোজন নেই।

(খ) ঋণ বিতরণের ক্ষেত্রে ঋণ গ্রহীতা কৃষকের পাসপোর্ট সাইজের ছবি এবং জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (স্থানীয় ইউপি চেয়ারম্যান/মেম্বার কর্তৃক সত্যায়িত) সংগ্রহ করিতে হইবে;

(গ) ঋণ প্রার্থী একজন প্রকৃত কৃষক/সংশ্লিষ্ট কাজের পেশাজীবী এই মর্মে কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতির ক্ষেত্রে প্রাথমিক সমিতির সম্পাদক/ সভাপতি এবং এলডিবি'র ক্ষেত্রে ম্যানেজারের প্রত্যায়নপত্র থাকিতে হইবে ; এবং

(ঘ) ঋণ বিতরণ কার্যক্রমের সঠিকতা যাচাইয়ের জন্য বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর প্রতিনিধি কিংবা স্থানীয় সমবায়ী/সমবায় দপ্তরের কর্মকর্তা কর্তৃক তদন্ত করা যাইবে।

১২ নং শর্ত ঃ

## ব্যক্তি সদস্যের ঋণ মাত্রা

### সেচ/কৃষি যন্ত্রপাতি

কৃষক/ব্যক্তি সদস্যের বাস্তব চাহিদা ও ব্যবহারিক উপযোগিতা বিবেচনায় ক্ষেত্র বিশেষ/সম্ভব হইলে দ্রব্যাকারে (inkind) ঋণ প্রদান করা যাইবে। এই খাতে একজন কৃষক সদস্যকে সেচ/কৃষি যন্ত্রপাতি ক্রয়ের জন্য সর্বোচ্চ ১,৫০,০০০/- (এক লক্ষ পঁঞ্চাশ হাজার) টাকা ঋণ প্রদান করা যাইবে। নির্বাহী কর্মকর্তা/ম্যানেজারকে কৃষি যন্ত্রপাতি ক্রয় নিশ্চিত করিতে হইবে। এই ঋণের বিতরণ ও ব্যবহার ক্রটিপূর্ণ পরিলক্ষিত হইলে সরাসরি কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর নির্বাহী কর্মকর্তা/ম্যানেজারকে দায়ী করা হইবে।

### গরু মোটা তাজাকরণ

পশু পালন/গরু মোটা তাজাকরণ খাতে বাস্তব চাহিদার ভিত্তিতে একজন কৃষককে সর্বোচ্চ ৫০,০০০/- টাকা ঋণ প্রদান করা যাইবে। নির্বাহী কর্মকর্তা/ম্যানেজারের সরেজমিনে তদন্ত/মূল্যায়নের ভিত্তিতে এই ঋণ ছাড় করিতে হইবে। এই ঋণের বিতরণ ও ব্যবহার ক্রটিপূর্ণ পরিলক্ষিত হইলে সরাসরি কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর নির্বাহী কর্মকর্তা/ম্যানেজারকে দায়ী করা হইবে।

### গাভী পালন

গাভী পালন/দুগ্ধ খামার খাতে ঋণ প্রদানের ব্যাপারে সংশ্লিষ্ট সদস্যের অভিজ্ঞতা ও দুগ্ধ খামার থাকিতে হইবে। বাস্তব চাহিদার ভিত্তিতে একজন কৃষককে সর্বোচ্চ ৬০,০০০/- টাকা ঋণ প্রদান করা যাইবে। দুগ্ধ খামারে পূর্ব হইতে কমপক্ষে ২টি দুগ্ধবতী গাভী থাকিতে হইবে। এই ক্ষেত্রে ম্যানেজারের সরেজমিনে তদন্ত/মূল্যায়নের ভিত্তিতে এই ঋণ ছাড় করিতে হইবে। এই ঋণের বিতরণ ও ব্যবহার ক্রটিপূর্ণ পরিলক্ষিত হইলে কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর নির্বাহী কর্মকর্তা/ম্যানেজারকে দায়ী করা হইবে।

### হাঁস/মুরগি পালন

হাঁস/মুরগি পালন খাতে এই ঋণ প্রদানের ব্যাপারে সংশ্লিষ্ট সদস্যের পূর্ব অভিজ্ঞতা ও হাঁস/মুরগি পালনের উপযোগিতা থাকিতে হইবে। ১০০টি হইতে ৫০০টি হাঁস/মুরগি পালনের ক্ষেত্রে অনুর্ধ ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা এবং ৫০০টি হইতে ১,০০০টির ক্ষেত্রে ৬০,০০০/-(ষাট হাজার) টাকা ঋণ প্রদান করা যাইবে। এই ক্ষেত্রে নির্বাহী কর্মকর্তা/ম্যানেজারের সরজমিনে তদন্তের ভিত্তিতে এই ঋণ ছাড় করিতে হইবে। এই ঋণের বিতরণ ও ব্যবহার ক্রটিপূর্ণ পরিলক্ষিত হইলে সরাসরি কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর নির্বাহী কর্মকর্তা/ম্যানেজারকে দায়ী করা হইবে।

## ছাগল/ভেড়া খামার

ছাগল/ভেড়া খামার খাতে এই ঋণ প্রদানের ব্যাপারে সংশ্লিষ্ট সদস্যের পূর্ব অভিজ্ঞতা ও ছাগল/ভেড়া পালনের উপযোগিতা থাকিতে হইবে। খামারে কমপক্ষে ১৫টি হইতে ২০টি ছাগল/ভেড়া থাকিতে হইবে। এই ক্ষেত্রে একজন সদস্যকে সর্বোচ্চ ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা ঋণ প্রদান করা যাইবে। নির্বাহী কর্মকর্তা/ম্যানেজারের সরেজমিনে তদন্ত/মূল্যায়নের ভিত্তিতে এই ঋণ ছাড় করিতে হইবে। এই ঋণের বিতরণ ও ব্যবহার ত্রুটিপূর্ণ পরিলক্ষিত হইলে সরাসরি কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর নির্বাহী কর্মকর্তা/ম্যানেজারকে দায়ী করা হইবে।

## মৎস্য চাষ

মৎস্য চাষের জন্য একজন সদস্যকে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ঋণ প্রদান করা যাইবে। নির্বাহী কর্মকর্তা/ম্যানেজারের সরেজমিনে তদন্ত/মূল্যায়নের ভিত্তিতে এই ঋণ ছাড় করিতে হইবে। এই ঋণের বিতরণ ও ব্যবহার ত্রুটিপূর্ণ পরিলক্ষিত হইলে সরাসরি কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর নির্বাহী কর্মকর্তা/ম্যানেজারকে দায়ী করা হইবে।

## নার্সারী উন্নয়ন

নার্সারী উন্নয়নের জন্য একজন সদস্যকে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা ঋণ প্রদান করা যাইবে। ঋণ গ্রহীতার পূর্ব অভিজ্ঞতা এবং ঋণের টাকা ব্যবহারের উপযোগিতা থাকিতে হইবে।নির্বাহী কর্মকর্তা/ম্যানেজারের সরেজমিনে তদন্ত/মূল্যায়ণের ভিত্তিতে এই ঋণ ছাড় করিতে হইবে। এই ঋণের বিতরণ ও ব্যবহার ত্রুটিপূর্ণ পরিলক্ষিত হইলে সরাসরি কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর নির্বাহী কর্মকর্তা/ম্যানেজারকে দায়ী করা হইবে।

## সরেজমিনে তদন্ত

**১৩নং শর্ত ঃ** (ক)সেচ/কৃষি যন্ত্রপাতি, গরু মোটাতাজাকরণ, গাভী পালন, হাঁস/মুরগি পালন, ছাগল/ভেড়া খামার, মৎস্য চাষ, নার্সারি উন্নয়ণ ইত্যাদি ঋণ প্রদানের পূর্বে কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর মাঠকর্মী/নির্বাহী কর্মকর্তা/ম্যানেজার কর্তৃক সদস্যের ঋণ চাহিদার সত্যতা, ঋণ ব্যবহারের উপযোগিতা, সদস্যের ঋণ পরিশোধের ক্ষমতা ও ঋণের জামানত হিসাবে বন্ধকের জন্য প্রস্তাবিত জমির মালিকানা সম্পর্কে মাঠ পর্যায়ে, তহসিল অফিস ও উপজেলা ভূমি অফিসে সরেজমিনে তদন্ত/যাচাই করিতে হইবে। এই ক্ষেত্রে নির্বাহী কর্মকর্তা/ম্যানেজারকে সতর্কতা অবলম্বন করিতে হইবে।

## ঋণ বিতরণ বিবরণী এবং বিতরণ সার্টিফিকেট

**১৪নং শর্ত ঃ** ঋণ বিতরণ সম্পন্ন হওয়ার ১৫(পনের) দিনের মধ্যে নির্ধারিত ছকে বিতরণ বিবরণী এবং ৩০(ত্রিশ) দিনের মধ্যে যথাযথ ফরমে "বিতরণ সার্টিফিকেট" কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ কর্তৃক বাংলাদেশ সমবায় ব্যাংকে দাখিল করিতে হইবে। ইহার যেই কোন একটি দাখিলের ব্যর্থতায় ঋণ বিতরণ হয় নাই বলিয়া পরিগণিত হইবে এবং উক্ত ঋণের টাকা (আংশিক কিংবা সম্পূর্ণ) তলব করা হইলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান তাহা সঙ্গে সঙ্গে ১১% হারে মুনাফাসহ বাংলাদেশ সমবায় ব্যাংকে ফেরৎ দিতে বাধ্য থাকিবে।

## আমানত

**১৫নং শর্ত ঃ** সমবায় আন্দোলনের মাধ্যমে সকল পর্যায়ে পূঁজি গঠনের লক্ষ্যে আমানত বৃদ্ধির জন্য সমবায় প্রতিষ্ঠান সমূহকে সর্বাত্মক প্রচেষ্টা চালাইতে হইবে। কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর সংগৃহীত আমানতের কমপক্ষে ৫০% বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর স্থায়ী আমানত হিসাবে গচ্ছিত রাখিতে হইবে। এই আমানতের উপর প্রচলিত হারে নিয়মিত মুনাফা প্রদান করা হইবে।

নিজস্ব তহবিল হইতে বিনিয়োগ

১৬নং শর্ত ঃ কর্জ নির্ভরশীলতা হ্রাস করিবার লক্ষ্যে যেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর নিজস্ব তহবিল রহিয়াছে (৩০শে জুন তারিখের উদ্বৃত্তপত্র দৃষ্টে) তাহাদিগকে নিজস্ব তহবিলের ন্যূনপক্ষে ১০% এর সমপরিমাণ টাকা এই ঋণ হিসাবে বিতরণ করিতে হইবে। নিজস্ব তহবিল হইতে বিতরণকৃত ঋণের হিসাব পৃথকভাবে সংরক্ষণ করিতে হইবে। নিজস্ব তহবিলের সংস্থান থাকা সত্ত্বেও সেই সকল কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ এর নিজস্ব তহবিল হইতে বিনিয়োগ করিবে না তাহারা ভবিষ্যতে এই ঋণের শর্ত ভঙ্গের আওতায় ঋণ পাওয়ার অযোগ্য বিবেচিত হইবে।

ব্যক্তি সদস্য হইতে ঋণ আদায়

১৭নং শর্ত ঃ কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/সমিতি/এলডিবি কর্তৃক ব্যক্তি সদস্য হইতে নিম্নে উল্লেখিত সময় সীমার মধ্যে মুনাফাসহ ঋণের কিস্তি আদায় নিশ্চিত করিবে। ব্যক্তি সদস্যের নিকট হইতে এই ঋণ আদায়ের সময় মুনাফা খাতে কোন টাকা বাকী রাখিয়া আসল খাতে টাকা পরিশোধ করা যাইবে না।

(ক) সেচ/কৃষি যন্ত্রপাতি ঋণ ঃ সদস্য কর্তৃক ঋণ গ্রহণের ২ বৎসরের মধ্যে ৪ মাস পর পর ৬(ছয়) কিস্তিতে মুনাফাসহ আসল টাকা আদায় করিতে হইবে;

(খ) গরু মোটা তাজাকরণ ঋণঃ সদস্য কর্তৃক ঋণ গ্রহণের ২ বৎসরের মধ্যে ৬ মাস পর পর ৪(চার) কিস্তিতে মুনাফাসহ আসল টাকা আদায় করিতে হইবে;

(গ) গাভী পালন/দুগ্ধ খামার ঋণ ঃ সদস্য কর্তৃক ঋণ গ্রহণের ২ বৎসরের মধ্যে ৪ মাস পর পর ৬(ছয়) কিস্তিতে মুনাফাসহ আসল টাকা আদায় করিতে হইবে;

(ঘ) হাঁস/মুরগি খামার ঋণ ঃ সদস্য কর্তৃক ঋণ গ্রহণের ২ বৎসরের মধ্যে ৪ মাস পর পর ৬(ছয়) কিস্তিতে মুনাফাসহ আসল টাকা আদায় করিতে হইবে;

(ঙ) ছাগল/ভেড়া খামার ঋণ ঃ সদস্য কর্তৃক ঋণ গ্রহণের ২ বৎসরের মধ্যে ৬ মাস পর পর ৪(চার) কিস্তিতে মুনাফাসহ আসল টাকা আদায় করিতে হইবে;

(চ) মৎস্য চাষ ঋণ ঃ সদস্য কর্তৃক ঋণ গ্রহণের ২ বৎসরের মধ্যে ৪ মাস পর পর ৬(ছয়) কিস্তিতে মুনাফাসহ আসল টাকা আদায় করিতে হইবে;

(ছ) নার্সারী উন্নয়ন ঋণ ঃ সদস্য কর্তৃক ঋণ গ্রহণের ২ বৎসরের মধ্যে ৬ মাস পর পর ৪(চার) কিস্তিতে মুনাফাসহ আসল টাকা আদায় করিতে হইবে;

ঋণ পরিশোধ

১৮নং শর্ত ঃ (ক) কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ কর্তৃক ১৭ নং শর্ত অনুযায়ী খাত ওয়ারী ঋণের টাকা আদায় হওয়ার সঙ্গে সঙ্গে আনুপাতিক হারে মুনাফাসহ তাহা বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ-কে পরিশোধ করিবে। আসল টাকার সহিত আনুপাতিক হারে মুনাফা প্রেরিত না হইলে বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড উক্ত টাকা আদায় করিবার সময় আনুপাতিক হারে মুনাফা আদায়পূর্বক বাকী টাকা আসল খাতে পরিশোধ করিতে পারিবে।

কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ কর্তৃক আদায়কৃত মুনাফার টাকা হইতে নিজ অংশ রাখিয়া বাকী সাকুল্য টাকা বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেডে পরিশোধ নিশ্চিত করিবে। এ ক্ষেত্রে বিএসবিএল এর অংশ অন্য কোন খাতে ব্যয় করিলে নির্বাহী কর্মকর্তা/ম্যানেজার দায়ী থাকিবে।

(খ) ব্যক্তি সদস্য পর্যায়ে ঋণ বিতরণ,আদায় ও বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ এর প্যাপ্য পরিশোধের ক্ষেত্রে কোন অনিয়ম/দুর্নীতি হইয়া থাকিলে তার জন্য সংশ্লিষ্ট কেন্দ্রীয় সমবায় ব্যাংক/সমিতি/এলডিবি'র ব্যবস্থাপনা কমিটিসহ প্রনোট স্বাক্ষরকারী সদস্য এবং নির্বাহী কর্মকর্তা/ম্যানেজার দায়ী থাকবে।

## হিসাব সংরক্ষণ

১৯ নং শর্ত ঃ এই ঋণ গ্রহণ, বিতরণ, আদায় এবং পরিশোধের হিসাব পৃথক পৃথক ভাবে সংরক্ষণ করিতে হইবে। এই ঋণের আদায়ী কোন টাকা অন্য কোন ঋণ খাতে কিংবা অন্য কোন ঋণের আদায়ী টাকা এই ঋণ খাতে পরিশোধ করা যাইবে না।

## পাশ বহি

২০ নং শর্ত ঃ প্রত্যেক ঋণ গ্রহীতা সদস্যকে পাশ বহি সরবরাহ করিতে হইবে। পাশ বহিতে এই ঋণের লেনদেনসহ অন্যান্য লেনদেন যথাযথভাবে লিপিবদ্ধ করিতে হইবে।

## ঋণ বিতরণের সঠিকতা যাচাই

২১ নং শর্ত ঃ প্রয়োজনবোধে/ক্ষেত্র বিশেষে বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ কর্তৃক ইহার কার্যকরী কমিটির সদস্য/অফিসার প্রেরণ করিয়া কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ ও ব্যক্তি সদস্য পর্যায়ে ঋণ বিতরণের সঠিকতা যাচাই করা হইবে। উহাতে কোন অনিয়ম কিংবা শর্ত ভংগের দৃষ্টান্ত পরিলক্ষিত হইলে সংশ্লিষ্ট কেন্দ্রীয় সমবায় ব্যাংকের নিকট হইতে উক্ত ঋণ আংশিক কিংবা সম্পূর্ণ তলব করা যাইবে এবং তাহা ১১% মুনাফাসহ ঋণের টাকা কেন্দ্রীয় সমবায় ব্যাংক ফেরৎ দিতে বাধ্য থাকিবে।

## অংগীকারপত্র

২২ নং শর্ত ঃ বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ হইতে এই ঋণ গ্রহণের প্রাক্কালে সংশ্লিষ্ট কেন্দ্রীয় সমবায় ব্যাংক লিঃ/উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ/ইউনিয়ন কেন্দ্রীয় বহুমূখী সমবায় সমিতি লিঃ/প্রাথমিক সমবায় সমিতি লিঃ/সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ কর্তৃপক্ষ এই মর্মে একটি অংগীকারপত্র দাখিল করিবেন যে, অত্র ঋণের শর্তাবলী মানিয়া নিয়া শর্তানুযায়ী ঋণ বিলি/বিতরণ করা হইবে। শর্ত বহির্ভূতভাবে এই ঋণের কোন টাকা বিতরণ করা হইবে না। নির্ধারিত সময়-সীমা অনুযায়ী এই ঋণ/ঋণের কিস্তি মুনাফাসহ পরিশোধ নিশ্চিত করা হইবে। ভবিষ্যতে আরও শর্ত আরোপ করা হইলে তাহা মানিয়া নিতে বাধ্য থাকিবে।

২৪/১১/১৪ | ২৪/১১/১৪ | ২৪/১১/১৪

(শওকত হোছাইন চৌধুরী)
উপ-মহাব্যবস্থাপক(কৃষি ঋণ)
বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

(রীনা পারভীন)
মহাব্যবস্থাপক(প্রধান নির্বাহী কর্মকর্তা)
বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ

(চৌধুরী মোঃ আফজাল হোসেন নিছার)
সহ-সভাপতি
বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ